

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ  
আইসিটি শাখা

...

সভাপতি	মোহাম্মদ শরীফুল ইসলাম অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	২৪/১২/২০১৮
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি ইনোভেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ইনোভেশন কমিটির সদস্যদের কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী আইডিয়া প্রদানের আহ্বান জানান। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ হারুন অর রশীদ তাদের তার দপ্তরের উদ্ভাবনী আইডিয়াগুলো তুলে ধরেন। অতঃপর জেলা ও উপজেলায় চলমান উদ্ভাবনী আইডিয়ার উপর বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও সহকারী কমিশনার ( আইসিটি)-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক বাস্তবায়নধীন ইনোভেশন কার্যক্রম এর উপর বিস্তারিত প্রতিবেদন তুলে ধরেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের অংশগ্রহণে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়:

নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	ই-ফাইল (নথি) : জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তর ই-ফাইল (নথি) এর প্রশিক্ষণ গ্রহণ করেছে সে সকল দপ্তরের ই-নথি কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়।	জেলা ও উপজেলার যে সকল দপ্তর ই-ফাইল (নথি) এর প্রশিক্ষণ গ্রহণ করেছে সে সকল দপ্তরকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-ফাইল (নথি) এর মাধ্যমে যাবতীয় নথির কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া এটুআই এর নির্দেশনার আলোকে ই-নথির উপর রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
২.	কর্মশালা আয়োজন : সভায় জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেটিভ কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের মধ্যে হতে মেন্টরিং কর্মকর্তা নির্বাচনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়।	সভায় আগামী সভার পূর্বে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরের মধ্যে যে সকল দপ্তরের উদ্ভাবনী আইডিয়া রয়েছে সে সকল দপ্তর হতে মেন্টরিং কর্মকর্তা নির্বাচন ও বিভিন্ন দপ্তরের উদ্ভাবন সম্পর্কে ০১ দিনের কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

৩.	মাল্টিমিডিয়া ক্লাসরুম : সভায় অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাসবোর্ড মনিটরিং বিষয়ে আলোচনা করা হয়। মাল্টিমিডিয়া ক্লাসরুমসমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত অনলাইন রিপোর্ট আপলোড নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়	যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে সে সকল প্রতিষ্ঠান প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে তার প্রতিবেদন প্রেরণ করার অনুরোধ করা হয়।	সহকারী কমিশনার (আইসিটি), সুনামগঞ্জ জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ
৪.	২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রণীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন : সভায় ২০১৮-১৯ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে নাগরিক সেবা সহজে ও দ্রুত প্রদানের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের জন্য প্রণীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। প্রতি মাসের ইনোভেশন টীমের সভায় জেলা ও উপজেলা পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের রিপোর্ট উপস্থাপন করার জন্য সহকারী কমিশনার (আইসিটি)-কে অনুরোধ জানানো হয়।	ইনোভেশন টীমের সকল সদস্যবৃন্দ
৫.	ইউডিসি সংক্রান্ত : সভায় জেলার ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ডিজিটাল সেন্টারের কার্যক্রম একসেবা সিস্টেমে একীভূত করা হচ্ছে বিধায় ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের আয়, সেবাসমূহ আপলোড করা যাচ্ছে না বিধায় উদ্যোক্তাদের কার্যক্রম মনিটরিং করা সম্ভব হচ্ছে না। একসেবা সিস্টেমে রেজিস্ট্রেশনের লক্ষ্যে জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কর্মরত উদ্যোক্তাদের তথ্যাদি এটুআই এর নির্দেশনার আলোকে সোনালী ব্যাংক ডেবিট কার্ড প্রাপ্তি ফরম পূরণপূর্বক এটুআইতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৬.	নিউজলেটার প্রকাশ : সভায় জেলার উদ্ভাবনী উদ্যোগ, আইসিটি উদ্যোগ ও জেলা-ব্র্যান্ডিং কার্যক্রম নিয়ে নিউজলেটার প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়।	জেলার উদ্ভাবনী উদ্যোগ, আইসিটি উদ্যোগ ও জেলা-ব্র্যান্ডিং কার্যক্রম ইত্যাদি বিষয় নিয়ে নিউজলেটার প্রকাশের লক্ষ্যে তথ্যাদি, লেখা ও ছবি সংগ্রহপূর্বক আগামী সভাতে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (আইসিটি) সহকারী প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ শরীফুল ইসলাম  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০১৭.১৬.২১৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৫

২৭ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), সুনামগঞ্জ।
- ৭) জনাব....., ..... সুনামগঞ্জ।



মোহাম্মদ শরীফুল ইসলাম  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)